**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## LIRR-এর নতুন তৃতীয় ট্র্যাকে উদ্বোধনীমূলক প্রথম রাইডে MTA সভাপতির সঙ্গে গভর্নর হোকলের যোগদান

***তিন মাইল দীর্ঘ সেকশনটি ফ্লোরাল পার্ক থেকে মেরিলন এভিনিউ পর্যন্ত বিস্তৃত***

***ট্র্যাকের নতুন সেকশনটি প্রতিবন্ধকতার সময়ে LIRR-কে আরো বেশি নমনীয়তা প্রদান করবে***

***এবছরের শেষে গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন টার্মিনাল চালু হলে গ্রাহকরা বাড়তি পরিষেবার অপশন দেখতে পাবেন***

গভর্নর ক্যাথি হোকল আজ লং আইল্যান্ড রেল রোডের নতুন মেইন লাইন থার্ড ট্র্যাকের প্রথম সেকশন চালু হওয়া উপলক্ষ্যে উদ্বোধনী প্রথম রাইডে মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথরিটির (Metropolitan Transportation Authority) নেতৃবৃন্দের সঙ্গে যোগদান করেন। কর্মকর্তারা ফ্লোরাল পার্ক ও মেরিলন এভিনিউ স্টেশনের মধ্যবর্তী সদ্য চালু হওয়া তিন মাইল দীর্ঘ অংশ দিয়ে ভ্রমণ করে আপডেটকৃত নিউ হাইড পার্ক স্টেশনে নেমে যান।

"তৃতীয় ট্র্যাকটি চালু হওয়া যাত্রী ও দর্শনার্থীদের জন্য একটি বৃহৎ মাইলফলক হয়ে থাকবে যেটি অর্জনের জন্য কয়েক দশক ধরে চেষ্টা করা হচ্ছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই অসাধারণ প্রকল্পটির কল্যাণে LIRR ট্রেনগুলো আরো ঘন ঘন চলাচল করতে পারবে এবং যাত্রীরা আগের চেয়ে আরো বেশি সাবলীল যাত্রা উপভোগ করতে পারবেন। MTA-তে আমাদের অংশীদাররা এবং সঙঘবদ্ধ শ্রম খাতের কঠোর পরিশ্রমী মহিলা ও পুরুষরা বাজেটের মধ্যে একটি সময়ানুগ প্রকল্প সম্পন্ন করেছেন — এবং এটি উদযাপন করার মতো একটি উপলক্ষ্য।"

LIRR মেইন লাইন সম্প্রসারণ প্রকল্প (LIRR Main Line Expansion Project) লং আইল্যান্ড রেলপথের রূপান্তর ও আধুনিকায়নের জন্য 100টি প্রকল্পে 17.7 বিলিয়ন ডলারের নজিরবিহীন বিনিয়োগের একটি অংশ যার মধ্যে এবছর গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনে (Grand Central Madison) পরিষেবা কার্যক্রম চালু হওয়া, আরো প্রশস্ত একটি পেন স্টেশন LIRR কনকোর্স (Penn Station LIRR Concourse) ও 33তম স্ট্রিটে একটি নতুন প্রবেশপথ নির্মাণ, 36টি স্টেশন ও 17টি সেতুর নবায়ন ও উন্নয়ন, আটটি অ্যাট-গ্রেড রেলপথ ক্রসিং অপসারণ, পজিটিভ ট্রেন কন্ট্রোল (Positive Train Control) নিরাপত্তা ব্যবস্থা সক্রিয়করণ, ফার্মিংডেল ও রনকোনকোমার মধ্যবর্তী

অংশে 13 মাইল দীর্ঘ দ্বিতীয় ট্র্যাক সংযোজন, 15টি বৈদ্যুতিক সাবস্টেশনের উন্নয়ন, পার্কিং এর ধারণক্ষমতা বৃদ্ধি, ইয়ার্ড সম্প্রসারণ, এবং আরো অন্যান্য প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। এসব রূপান্তরমূলক বিনিয়োগের পাশাপাশি NJ ট্রানজিট (NJ TRANSIT) ও অ্যামট্র্যাকের (Amtrak) সঙ্গে মিলে MTA এবছরের শেষে পেন স্টেশনকে প্রাকৃতিক আলো আসার জন্য উন্মুক্ত একটি আধুনিক, প্রশস্ত, বিশ্বমানের এক-লেভেলবিশিষ্ট টার্মিনাল হিসেবে পুনর্নির্মাণের জন্য ফেডারেল তহবিল চাওয়ার পরিকল্পনা করছে।

2018 সালের শেষের দিকে তৃতীয় ট্র্যাকে বড় ধরনের নির্মাণকাজ শুরু হয়েছিল এবং এবছরের শেষ নাগাদ পুরোপুরি চালু হওয়ার পরে মেইন লাইন দিয়ে চলাচলকারী যাত্রীরা গণপরিবহনের এমন একটি সমাধান পেতে যাচ্ছেন যা রাস্তায় ভীড় কমাবে এবং নিরাপত্তা উন্নত করবে। লং আইল্যান্ডের ব্যবসা প্রতিষ্ঠানগুলো সত্যিকারের দ্বি-মুখী LIRR পরিষেবার সুফল ভোগ করবে যা অর্থনৈতিক সুযোগ-সুবিধার চালিকাশক্তি হিসেবে কাজ করবে, জ্ঞানভিত্তিক অর্থনীতি সমৃদ্ধ করবে এবং কর্মসংস্থান ও বিনোদনের অ্যাক্সেস বৃদ্ধি করবে।

গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন চালু হওয়ার সঙ্গে LIRR-এর তৃতীয় ট্র্যাক সম্মিলিতভাবে মেইনলাইনে আরো বেশি পরিষেবা সচল করার সক্ষমতা তৈরি করছে। নিউ হাইড পার্কে পরিষেবার পরিমাণ 67 শতাংশ বৃদ্ধি পাবে। বর্তমানে সাপ্তাহিক দিনগুলোতে 56টি ট্রেন চলাচল করে। নতুন সময়সূচী অনুযায়ী এই সংখ্যা 94 এ উন্নীত হবে।

**MTA সভাপতি ও CEO জ্যানো লিয়েবের বলেন,** "লং আইল্যান্ডের নেতৃবৃন্দ একটি তৃতীয় ট্র্যাক যোগ করার ব্যাপারে কয়েক প্রজন্ম ধরে কথা বলে আসছেন এবং অবশেষে এটি বাস্তবায়িত হয়েছে। MTA লং আইল্যান্ডে বিলিয়ন বিলিয়ন ডলার বিনিয়োগ করছে এবং এর ফলাফলও সুস্পষ্ট: আরো ঘন ঘন পরিষেবা এবং অধিকতর নির্ভরযোগ্যতা, সেইসাথে লং আইল্যান্ডের ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আরো বৃহত্তর শ্রমিক দলের অ্যাক্সেস দেওয়ার জন্য প্রথম বারের মতো বিপরীত দিকে যাতায়াতের পরিষেবা চালু করা।"

**LIRR-এর অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং মেট্রো-নর্থ রেলপথের প্রেসিডেন্ট ক্যাথেরিন রিনাল্ডি বলেন,** "LIRR থার্ড ট্র্যাক চালু হতে যাচ্ছে এবং এখন রনকোনকোমা, পোর্ট জেফারসন/হান্টিংটিন ও ওয়েস্টার বে শাখার গ্রাহকরা অবশেষে এই রূপান্তরমূলক প্রকল্পের সুফল দেখতে শুরু করবেন। থার্ড ট্র্যাক টিম স্টেশনগুলোকে আধুনিক সুযোগ-সুবিধা দিয়ে সমৃদ্ধ করে তুলেছে, পরিষেবায় বিঘ্ন ঘটা আরো ভালোভাবে সামাল দিতে সক্ষম একটি অধিকতর স্থিতিশীল সিস্টেম তৈরি করেছে, এবং LIRR গ্রাহকদের জন্য সুবিধাজনক বিপরীতমুখী পিক ট্রিপে গমন করা সহজতর করেছে।"

**MTA কনস্ট্রাকশন এন্ড ডেভেলপমেন্ট (Construction & Development)-এর প্রেসিডেন্ট জ্যামি টোরেস স্পিংগার** বলেন, "LIRR থার্ড ট্র্যাকের প্রথম ব্লক সম্পন্ন করা একটি বৃহৎ মাইলফলক কারণ আমরা লং আইল্যান্ডবাসীদের জন্য এই রূপান্তরমূলক প্রকল্পটি যথা সময়ে ও বাজেটের মধ্যে সম্পন্ন করতে পেরেছি। আমাদের কর্মীদলের কুশলতা ও কঠোর পরিশ্রমের কল্যাণে আমরা পার্শ্ববর্তী কমিউনিটিগুলোর জন্য ন্যূনতম বিঘ্ন তৈরি করে, এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার হলো পরিষেবা বজায় রেখে এবং আমাদের 10 মাইল দীর্ঘ ওয়ার্ক

জোন দিয়ে নিত্যদিন চলাচলকারী কয়েক শতাধিক ট্রেন চলাচল চালু রেখে এটি করতে পেরেছি। আমাদের গ্রাহকদের জন্য উন্নত, দ্রুততর, ও অপেক্ষাকৃত কম খরচের দারুণ সব সুফল পৌঁছে দেওয়ার জন্য সামনের সময়গুলোতে এই প্রকল্প আমাদের জন্য মডেল হিসেবে কাজ করবে।"

ফ্লোরাল পার্ক থেকে হিকসভিল পর্যন্ত এই তৃতীয় ট্র্যাকটি নির্মাণের ফলে ট্রেনের কারণে ভীড় লেগে যাওয়া ও বিলম্ব হওয়া কমে আসবে এবং পিক আওয়ারের সময়ে একটি অধিকতর নির্ভরযোগ্য রেল নেটওয়ার্ক দিয়ে সত্যিকারের দ্বি-মুখী পরিষেবা চালু হবে।

সম্প্রসারণকৃত প্ল্যাটফর্ম, ডিজিটাইল সাইন, নতুন প্ল্যাটফর্ম ক্যানোপি, আসবাবপত্র ও সাজসজ্জা যেমন বেঞ্চ, শেল্টার ও সাইন, নিরাপত্তা উন্নত করতে CCTV সিকিউরিটি ক্যামেরা, ওয়াই-ফাই; USB চার্জিং স্টেশন, শিল্পকর্ম, নতুন বাইক র‍্যাক এবং সবুজ স্থান বিশিষ্ট প্লাজা দিয়ে নিউ হাইড পার্ক ও মেরিলন এভিনিউ স্টেশনকে আপগ্রেড করা হয়েছে।
প্রতিটি স্টেশন এখন আরো বেশি ADA অ্যাক্সেসযোগ্য হয়ে উঠেছে যেখানে নতুন র‍্যাম্প, পথচারী চলাচলের জন্য একটি ওভারপাস এবং নতুন ADA পার্কিংয়ের জায়গা রয়েছে।

নিউ হাইড পার্ক ও মেরিলন এভিনিউ এর মধ্যবর্তী তিনটি রেলপথ গ্রেড ক্রসিং (নিউ হাইড পার্ক রোড, সাউথ 12 স্ট্রিট, কোভার্ট এভিনিউ) অপসারণ করে একটি অধিকতর নিরাপদ ও আরো বেশি নির্ভরযোগ্য রেলপথ তৈরি করা হয়েছে। এসব গ্রেড পর্যায়ের ক্রসিং অপসারণের ফলে পরিবেশের উপকার হয়েছে কারণ LIRR ট্রেনগুলো চলাচলের সময় ক্রসিং গেটগুলোতে আর কোনো যানবাহন অলস অবস্থায় আটকে থাকবে না। এগুলো হচ্ছে থার্ড ট্র্যাক প্রকল্পের অংশ হিসেবে অপসারণ করা মোট আটটি ক্রসিং এর মধ্যে তিনটি, এবং 2007 সাল থেকে 2017 সাল পর্যন্ত সময়ের মধ্যে LIRR মেইন লাইন করিডরে গ্রেড ক্রসিং এর স্থানগুলোতে ছয়টি প্রাণঘাতী সংঘর্ষের ঘটনা এসব গ্রেড ক্রসিং অপসারণের প্রয়োজনকে আরো ভালোভাবে তুলে ধরেছে।

নিকটবর্তী অধিবাসীদের এখন আর ট্রেনের হর্ন ও ক্রসিং এর ঘণ্টার শব্দ সহ্য করতে হবে না। ক্রসিং গেটগুলো বন্ধ থাকার ফলে গাড়ির জট লেগে যাওয়া এবং রেলপথের সেতুর সাথে অধিক উচ্চতার ট্রাকের সংঘর্ষও অতীতের বিষয়ে পরিণত হবে।

LIRR মেইন লাইন সম্প্রসারণ প্রকল্প নির্ধারিত সময়সূচি অনুযায়ী এবং নির্ধারিত বাজেটের 100 মিলিয়ন ডলার কমে সম্পন্ন হতে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এগজিকিউটিভ চেম্বার |press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন